অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.moef.gov.bd

নং-২২.০০.০০০০.০৫৩.০৭.০২২.২২-১০৪৪ তারিখ: ১৪ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

বিষয়: মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মো: ফাইজুর রহমান)
সহকারী সচিব ১৪/১২/২০২৩
ফোন: -০২-৫৫১০০১৫৭
ইমেইল: admin3@moef.gov.bd

বিতরণ: মন্ত্রণালয় (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১ অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২ যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
৪ মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
৫ উপসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৬ সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৭ সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৮ সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা (উক্ত পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯ প্রোগ্রামার, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১০ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১১ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১২ অফিস কপি।

অধিদপ্তর/সংস্থা: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১ চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, ৭৩, মতিঝিল, ঢাকা।
২ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
৪ চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ষোলশহর, চট্টগ্রাম।
৫ পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
৬ পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) (যুগ্মসচিব), বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম।
৭ প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৩

বিষয়: মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের গৃহীত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি ঃ ড. ফারহিনা আহমেদ
সচিব
সভার তারিখ ঃ ১১ ডিসেম্বর, ২০২৩
সময় ঃ বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান ঃ সভাকক্ষ (হাইব্রিড)
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত এবং ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত সকলকে মহান বিজয় দিবসের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতীয় চার নেতাসহ ১৫ আগস্ট ১৯৭৫ এ জাতির পিতার পরিবারের শহীদ সদস্যগণসহ সকল শহীদের এবং মহান মুক্তিযুদ্ধে শাহাদাতবরণকারী শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, মহান মুক্তিযুদ্ধ আমাদের জাতির ইতিহাসে এক অন্তহীন প্রেরণার উৎস আর মহান বিজয় দিবস সেই ইতিহাসের এক গৌরব দীপ্ত দিন। এ গৌরবের স্মৃতিবাহী দিনটির যথাযথ সম্মান বজায় রেখে উদ্‌যাপনে তিনি সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

২। সভাপতি সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে অনুরোধ জানান। অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত জাতীয় কর্মসূচির আলোকে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। অতঃপর তিনি মন্ত্রণালয়ের কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

নং	কর্মসূচি	আলোচনা	সিদ্ধান্ত
১.	ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন। খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলন। গ) গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারির, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা।	সচিবালয়ে গৃহায়ন ও পূর্ত মন্ত্রণালয় জাতীয় পতাকা উত্তোলন করে থাকে। মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থা পতাকা বিধি মেনে জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রয়োজন অনুযায়ী ভবনসমূহে আলোকসজ্জা করবে।	মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থা পতাকা বিধিমেনে পতাকা উত্তোলনের ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রয়োজন অনুযায়ী ভবনসমূহে আলোকসজ্জা করবে।
২	দেশের সকল সরকারি ও বেসরকারি শিশু পার্ক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকেটে প্রদর্শনীর ব্যবস্থা করা। এছাড়াও দেশের সকল জাতীয় চিড়িয়াখানাসহ সকল (সরকারি/বেসরকারি) বিনোদন উদ্যান বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করা।	সাফারী পার্ক, বোটানিক্যাল গার্ডেন, ইকো পার্কসহ এ ধরণের বিনোদন উদ্যানসমূহে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) বিনা টিকেটে প্রদর্শনীর জন্য উন্মুক্ত রাখবে। এদিন সর্বসাধারণ বিনামূল্যে উক্ত বিনোদন উদ্যানসমূহ উপভোগের সুযোগ পাবে।	মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) সাফারী পার্ক, বোটানিক্যাল গার্ডেন, ইকো পার্কসহ এ ধরণের বিনোদন উদ্যানসমূহ বিনা টিকেটে প্রদর্শনীর জন্য উন্মুক্ত রাখবে।

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/১২/২০২৩

ড. ফারহিনা আহমেদ
সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়